

নিউ ইয়র্ক সিটির মান

জন্মের সময় মর্যাদাসম্পন্ন পরিচর্যার জন্য

আপনার জন্মদানের অভিজ্ঞতার সময় আপনার মর্যাদা সম্পন্ন, সুবক্ষিত এবং গুণমান সম্পন্ন পরিচর্যা পাওয়ার মানবাধিকার আছে।



শিক্ষা

আপনার স্বাস্থ্য, স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারী এবং জন্মের অভিজ্ঞতার বিকল্পগুলি সম্পর্কে সহজেই বোঝা যায় এমন সরল তথ্য চাইবার এবং পাবার অধিকার আপনার আছে।



সিদ্ধান্ত-গ্রহণ

আপনার শরীরের সাথে কি করা হবে সে সম্পর্কিত সিদ্ধান্ত এবং আপনার বাচ্চার জন্য সিদ্ধান্ত নেওয়ার অধিকার আপনার কাছে আছে।



সহযোগিতা

আপনার গর্ভাবস্থা, প্রসববেদনা এবং শিশুর জন্ম এবং শিশুর জন্ম পরেও সহায়তা পাওয়ার অধিকার আছে।



অবগত সম্মতি

আপনার সমস্ত চিকিৎসা প্রক্রিয়ার বিষয়ে জানার এবং সিদ্ধান্ত নেওয়ার অধিকার আপনার আছে। এটিকে “অবগত সম্মতি” বলা হয় এবং একটি আইনি অধিকার।



পরিচর্যার গুণমান

আপনার কাছে সর্বোচ্চ-গুণমানের স্বাস্থ্য পরিচর্যা পাওয়ার অধিকার আছে।



মর্যাদা এবং বৈষম্যহীনতা

গর্ভাবস্থা, প্রসববেদনা এবং শিশুর জন্মের সময় এবং শিশুর জন্মের পরেও আপনার মর্যাদা এবং সম্মানিত আচরণ পাওয়ার অধিকার আছে - যাই হোক না কেন।

এই মানগুলি জন্ম দিতে চলেছেন এমন মানুষদের অবগতি, শিক্ষা এবং সহায়তা প্রদানের জন্য তৈরি হয়েছে - অর্থাৎ আপনার মত মানুষদের জন্য।

এই মানগুলি আপনার মানবাধিকার সম্পর্কে আরও জানার জন্য আপনাকে উৎসাহিত এবং আপনার জন্মদানের অভিজ্ঞতায় সক্রিয় সিদ্ধান্ত-গ্রহণকারী করে তুলবে।

NYC
Health

আরও তথ্যের জন্য nyc.gov/health-এ SRJ খুঁজুন।

যদি আপনি বিশ্বাস করেন যে আপনার লিঙ্গ, আপনার গর্ভাবস্থা অথবা নিউ ইয়র্ক সিটি মানবাধিকার আইনের অধীনে অন্য কোনও সুবক্ষিত শ্রেণির কারণে আপনার সঙ্গে অপব্যবহার করা হয়েছে অথবা পরিচর্যা অথবা পরিষেবা অস্বীকার করা হয়েছে তাহলে নিউ ইয়র্ক সিটি মানবাধিকার কমিশনে অভিযোগ দায়ের করার জন্য 311 অথবা 718-722-3131 নম্বরে কল করুন।

কমিউনিটি সমাবেশ থেকে এই নথিপত্রের জন্য তথ্য নেওয়া হয়েছে এবং নিউ ইয়র্ক সিটির স্বাস্থ্য বিভাগের সেকুমাল অ্যান্ড রিপ্ৰোডাক্টিভ জাস্টিস কমিউনিটি এনগেজমেন্ট গ্রুপ (SRJ CEG) দ্বারা তৈরি করা হয়েছে।

যৌনগত এবং প্রজনন ন্যায় প্রতি অঙ্গীকারের অংশ হিসেবে SRJ CEG জন্মের সময়ের ন্যায় উন্নীত করার জন্য কাজ করছে। **জন্মের সময়ের ন্যায়** তখনই বিদ্যমান হয় যখন সবার কাছে গর্ভাবস্থা, শিশুর জন্ম এবং প্রসবের পর মর্যাদার সাথে সিদ্ধান্ত নেওয়ার স্বাধীনতা এবং সহযোগিতা লভ্য থাকে। এটির মধ্যে রয়েছে উচ্চ-গুণমান সম্পন্ন, সাংস্কৃতিকভাবে দায়িত্বপূর্ণ প্রতিক্রিয়াশীল পরিচর্যা, কোথায় এবং কার সঙ্গে প্রসব করা হবে তা বেছে নেওয়ার স্বাধীনতা এবং চিকিৎসা ব্যবস্থা স্বীকার অথবা অস্বীকার করার ক্ষমতা।